

## সখী, ভালোবাসা করে কয়? সুদীপ্ত দাস

অনেক লোকের মেলায়  
যখন মত্ত তুমি খেলায়  
আমি হেলায় থাকি দূরে,  
শুধু বেড়াই উড়ে উড়ে।  
আমার সে নিরালায়  
আমি একাই ফিরি ঘুরে -  
তবু আমার পরাণ জুড়ে,  
আমার কথায় আমার সুরে  
আমার সকল উজাড় করে  
শুধু তুমি, শুধু তুমি।

হাজার লোকের মাঝে  
কত সকাল সন্ধ্যা সাঁঝে  
কত সাজে কত রূপে,  
কত শব্দে কত গানে  
নাগে দোলা তোমার প্রাণে।  
তোমার মনের সে উজানে  
কোন কাজের মাঝখানে  
তুমি হয়তো ফিরে চাও -  
তোমার নজর পড়ে পাছে  
আমি পালাই বা কোথাও।

জ্যোৎস্না ভরা রাতে  
যখন আলোর ছড়াছড়ি -  
একটি প্রদীপ হাতে  
আমি কিই বা সেথায় করি?

মেলার অবসানে  
যখন সবাই যাবে ফিরে,  
তোমায় কোথাও কোনখানে  
কেউ থাকবে না আর ঘিরে,

তুমি রইবে ঘরে একা  
কোন অলস নীরব বেলায়।  
আঁধার ঘরের কোনে  
তোমার সে নিরালয়  
অকাজ কোন কাজে  
তোমার কাটবে যখন পল -  
আমি থাকব তোমার কাছে  
হয়ে তোমার সম্বল।  
আমি থাকব তোমার ঘরে  
তোমার স্বপ্ন হাতে করে,  
আমি থাকব তোমায় ঘিরে  
তোমার সকাল, সন্ধ্যা ভেরে।

আঁধার চারিধার  
যখন অন্ধ নিশ্চুত রাতে  
প্রদীপ নিয়ে থাকব  
আমি একলা তোমার সাথে।।

~\*~